দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 DEC 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৩

# ইবিতে ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন

**ইবি সংবাদদাতা ।** ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রমৈত্রী। রবিবার দুপুর পৌনে দুইটায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে এ মানববন্ধন করে তারা। মানববন্ধনে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রমৈত্রীর আহ্বায়ক মোরশেদ হাবিব, যুগ্ম-আহ্বায়ক আব্দুর রউফ, শামিমুল ইসলাম, আরিফ, সাগর, নজরুল, আশিক, রাজ্জাক প্রমুখ উপস্থিত ছিলেন। মানববন্ধনে বক্তারা বলেন, গত বছরের তুলনায় এ বছর ভর্তি ফি ৩ গুণের বেশি করা হয়েছে। শিক্ষার্থীদের কথা বিবেচনায় নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ভর্তি ফি কমানোর দাবি জানান তারা। অন্যথায় আরও কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে।